

আমার মন চল যাই ভ্রমণে
কৃষ্ণ-অনুরাগের বাগানে
সেথায় যাবি প্রাণ জুড়াবি
আনন্দ-সমীরণে ॥

(সেই) বাগানের চৌদিকে বেড়া
আছে গাছ আশমানে গড়া
কোথায় লতা কোথায় পাতা তার মিলে না গোড়া
সেথা শিব ব্রহ্মা আছেন খাড়া
প্রবেশ করবার সম্বন্ধে ॥

(সেই) বাগানের দুই জনা মালি
তাদের মধ্যে একজন উড়ে একজন বাঙ্গালি
তারা গাছ নাড়ে চাড়ে চাঁচে খোঁড়ে
তাদের গাছ বাড়ে গো যতনে ॥

(সেই) বাগানের মধ্যে সরসী
সুধাতুল্য জলরাশি
ঝচ্ছ জলে কেলি করে হংস আর হংসী
(আবার) কোটি জন্মের পিপাসা যায়
(তার) বিন্দু মাত্র জলপানে ॥

(আমার) গোসাঁই বলছেন অন্তরে
শোন অনন্ত রে
কোটি জন্মের বাগান পাবি পথের অন্তরে
যাবি যদি সকাম নদী পার হবি তুই কেমনে? ॥

My mind, let us go for a tour
of the garden of Krishna-love
There your heart will cool
with the breeze of joy.

The garden has fences on all sides
The trees are in the sky
You will not see their leaves or roots
There Shiva and Brahma stand waiting
For a chance to get in.

The garden has two gardeners
One of them from Orissa, the other from Bengal
They pick and weed, plant and seed
They grow their plants with such care

In the centre of the garden is a lake
The water in it is nectarlike
A Swan and his mate play in the glassy water
The thirst of a million births
Is quenched by a drop of that water

(My) guru says in his heart
“Listen, Ananto,
there are gardens to last a million births
along the way
How will you cross the river of Kama,
when you come to it?”

Rough translation by Soumya Chakravarti